

বার্ষিক প্রতিবেদন ২০১৯

১৪২৫-১৪২৬ বঙ্গাব্দ



বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd



মুখবন্ধ

শিক্ষকগণ জাতি গড়ার নিপুণ কারিগর। শিক্ষাক্ষেত্রে যে কোন অর্জনে শিক্ষকের ভূমিকা অনস্বীকার্য। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা পেশায় নিয়োগের যোগ্যতার প্রথম ভিত্তি হচ্ছে এনটিআরসিএ'র প্রাপ্ত সনদ বা প্রত্যয়নপত্র। শিক্ষক নিবন্ধন সনদ ব্যতীত কোন প্রার্থী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হয় না। সে লক্ষ্যে এনটিআরসিএ সীমিত জনবল নিয়েই অত্যন্ত দক্ষতা, স্বচ্ছতা, নিরপেক্ষতা ও সক্ষমতার সাথে শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পর্যায়ে শিক্ষক সুপারিশকরণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ২০১৯ সাল এনটিআরসিএ'র জন্য অত্যন্ত চ্যালেঞ্জিং সময় ছিল। কেননা এ বছর সীমিত জনবল দিয়েই অত্যন্ত দক্ষতা, স্বচ্ছতা ও সক্ষমতার সাথে ২টি শিক্ষক নিবন্ধন পরীক্ষার আয়োজন সম্পন্ন করা হয়। শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন অনলাইনে গ্রহণ করা থেকে শুরু করে পরীক্ষার যাবতীয় কার্যক্রম ডিজিটালাইজড পদ্ধতিতে গ্রহণ করা হয়েছে এবং নিজস্ব জনবল দিয়েই ওএমআর স্ক্যানিং করে প্রিলিমিনারি টেস্ট, লিখিত পরীক্ষার ফলাফল প্রক্রিয়া পাইথন প্রোগ্রামিং ব্যবহার করে সম্পন্ন করা হয়েছে। এ পর্যন্ত নিবন্ধন পরীক্ষায় প্রশ্রফাঁসসহ কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ২০১৯ সালে চতুর্দশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ মোট ১৮৩১২ জন প্রার্থীকে সনদ প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় মোট আবেদনকারীর সংখ্যা ছিল ৮৭৬০৩৩ জন এবং ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় মোট আবেদনকারীর সংখ্যা ছিল ১১৭৬১৯৬ জন। এনটিআরসিএ'র সম্পাদিত কাজে সেবা প্রত্যাশীদের আস্থা লক্ষণীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। যার বহিঃপ্রকাশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং প্রবেশ পর্যায়ে শিক্ষক সুপারিশকরণে আবেদনকারীর ক্রমাগত সংখ্যা বৃদ্ধি।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রবেশ পর্যায়ে যোগ্য ও দক্ষ শিক্ষক সুপারিশকরণের কাজ এনটিআরসিএ'র অন্যতম দায়িত্ব। কতিপয় নিবন্ধন সনদধারীদের মামলার কারণে প্রায় ২ বছর শিক্ষক সুপারিশকরণ কার্যক্রম স্থগিত ছিল। যার ফলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক শিক্ষক সংকট সৃষ্টি হয়। ফলশ্রুতিতে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত ঘটে। এনটিআরসিএ'র ঐকান্তিক প্রচেষ্টায় ৬টি মামলার স্থগিতাদেশ পাবার পর ২০১৮ সালে পুনরায় শিক্ষক নিয়োগের সুপারিশকরণ কার্যক্রম চালু করা সম্ভব হয়। বিগত ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে ২য় নিয়োগ চক্রের ৩৯৫৩৫ টি শূন্য পদের বিপরীতে ২৫২৬৯৬৫ জন আবেদনকারীর মধ্য থেকে জাতীয় মেধাতালিকা ও মহিলা কোটার ভিত্তিতে ১ম ধাপে ৩১৬৬৫ টি পদে প্রার্থী সুপারিশ করা হয় (পুরুষ প্রার্থী ২১২৫৬ জন, মহিলা প্রার্থী ১০৪০৯ জন) এবং তার মধ্যে ২৫১২৪ জন প্রার্থী যোগদান করেন। ২য় নিয়োগচক্রের ১ম ধাপে যে সকল প্রার্থী যোগদান করেনি সে সকল পদের মধ্য হতে ১৬০৩টি এমপিও পদে ৩১ অক্টোবর ২০১৯ তারিখে এবং ১৩৩৬ টি নন-এমপিও পদে ০১ নভেম্বর ২০১৯ তারিখে ২য় ধাপে প্রার্থী সুপারিশ করা হয়েছে। এছাড়া ১০ জানুয়ারি ২০১৯ তারিখে ২০১৬ সালে মামলার কারণে স্থগিত সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ১০৯৫ টি পদে ১ম ধাপে প্রার্থী সুপারিশ করা হয়। ১ম ধাপে যোগদান না করার কারণে উক্ত পদে যে সকল শূন্য পদ সৃষ্টি হয় সে সকল পদে বিগত ২৮ মে ২০১৯ তারিখে ৪৯৫ জন প্রার্থীকে সুপারিশ করা হয়।

শিক্ষার সার্বিক মান উন্নয়নে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চারুকলা সংশ্লিষ্ট বিষয়, ইন্টারন্যাশনাল বিজনেস, ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স, প্রাণি চিকিৎসা ও উৎপাদন, মৎস্য, কৃষি প্রকৌশল, গণিত, পরিমিতি ও পরিসংখ্যান, আদব, ফিকাহ, হাদীস, তাফসীর এবং আইসিটি বিষয়ের সিলেবাস অন্তর্ভুক্ত করা হয়েছে এবং পূর্বের বিদ্যমান বিষয়সমূহের সিলেবাস হালনাগাদ করা হয়েছে। তাছাড়া শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, নিরীক্ষণ ও উত্তরপত্র মূল্যায়নের কাজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের শিক্ষক এবং দেশের নামকরা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমন্ডলীর সমন্বয়ে সম্পন্ন করা হয়েছে।

২০১৯ সালে এনটিআরসিএ-এর রাজস্ব খাতে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০৫ জন, ক্যাশিয়ার পদে ০১ জন, রিসিপশনিষ্ট পদে ০১ জন এবং ৪র্থ শ্রেণির অফিস সহায়ক পদে ০২ জন মোট ০৯(নয়)টি শূন্যপদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়। কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধিকল্পে “অফিস ব্যবস্থাপনা ও পেশাগত দক্ষতা উন্নয়ন” বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রথমবারের মতো ভাল কাজের স্বীকৃতি হিসেবে ০১(এক) জন কর্মকর্তা ও ০১(এক) জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের মাধ্যমে প্রণোদনা প্রদান করা হয় এবং শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সেবা প্রত্যাশীদের সুবিধার্থে এনটিআরসিএ’র ওয়েবসাইটে অভিযোগ/পরামর্শ বক্স স্থাপন করে তাদের সংক্ষুদ্রতা প্রশমনের ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের মাধ্যমে সামগ্রিক শিক্ষার গুণগত মানকে উন্নীত করার প্রয়াসে মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় শিক্ষা উপমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব পাবার পর তাঁদের দিক নির্দেশনায় এনটিআরসিএ তার উপর অর্পিত দায়িত্ব পালনের ব্রত হিসেবে বেসরকারি শিক্ষা ক্ষেত্রে অবদান রেখে চলেছে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার স্বপ্ন পূরণে জাতি গঠনের এ প্রক্রিয়ায় তাঁর যোগ্য উত্তরসূরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অব্যাহত সহযোগিতায় এনটিআরসিএ সম্পূর্ণ প্রভাবমুক্ত হয়ে যোগ্য শিক্ষক মনোনয়নে কাজ করতে পারছে। তাই আমি মাননীয় প্রধানমন্ত্রীকে তাঁর এ অনবদ্য অবদানের জন্য শ্রদ্ধা ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আগামীতেও মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহে অভিপ্রায়, মাননীয় শিক্ষামন্ত্রী, মাননীয় উপমন্ত্রী এবং সচিব মহোদয়ের সার্বিক নির্দেশনা ও তত্ত্বাবধানে এনটিআরসিএ তার কার্যক্রম চালিয়ে যাবে।

শিক্ষক নিবন্ধন পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ, শিক্ষক সুপারিশকরণ এবং প্রশাসনিক কাজ সম্পাদনে শিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ যে অকুণ্ঠ সাহায্য ও সহযোগিতা প্রদান করেছেন সে জন্য তাঁদের সবার প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। তাছাড়া নিবন্ধন পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, উত্তরপত্র পরীক্ষণ, নিরীক্ষণ ও মৌখিক পরীক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ বিষয় বিশেষজ্ঞগণের প্রতি আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ প্রকাশ করছি। পরিশেষে, কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ যে আন্তরিকতার সাথে আলোচ্য বছরে তাঁদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেছেন এবং এ প্রতিবেদন প্রকাশে যারা অবদান রেখেছেন তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

মো: আকরাম হোসেন

চেয়ারম্যান

এনটিআরসিএ, ঢাকা।

ফোন : ৪১০৩০০৪৩


ই-মেইল : chairman@ntrca.gov.bd

এনটিআরসিএ'র সংক্ষিপ্ত পরিচিতি

মানসম্মত শিক্ষার কোন বিকল্প নেই। মেধাবী, দক্ষ, সৃজনশীল ও যোগ্য শিক্ষক ব্যতীত মানসম্মত শিক্ষা নিশ্চিত করা সম্ভব নয়। শিক্ষার ক্ষেত্রে যে জাতি যত সাফল্য অর্জন করবে, সে জাতি জীবন-জীবিকার মানোন্নয়নে ও মানবিক গুণাবলী বিকাশে ততটাই অগ্রগতি ও সমৃদ্ধি লাভ করবে। শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের লক্ষ্যে ২০০৫ সালে ১নং আইনের অধীনে সংবিধিবদ্ধ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতেই এ কর্তৃপক্ষ শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের জন্য দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে আসছে। শিক্ষা ব্যবস্থার মূল কান্ডারি শিক্ষকগণ বিধায় জাতি গঠনে শিক্ষকগণের ভূমিকা গুরুত্বপূর্ণ। মানসম্মত শিক্ষা অর্জনের জন্য বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপসমূহের অন্যতম হলো দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলে অনলাইনে মেধারভিত্তিতে কম্পিউটারাইজড পদ্ধতিতে শিক্ষক নিয়োগের জন্য সুপারিশকরণ। এনটিআরসিএ এ কাজটি অত্যন্ত নিষ্ঠা, স্বচ্ছতা ও সম্পূর্ণ দুর্নীতিমুক্ত পদ্ধতিতে করে যাচ্ছে।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)-এর চেয়ারম্যান হিসেবে যারা দায়িত্ব পালন করেছেন

| ক্রমিক নং | নাম | পদমর্যাদা | কার্যকাল | |
|-----------|--|---------------|------------|------------|
| | | | হইতে | পর্যন্ত |
| ১ | মু. আসাহাবুর রহমান | অতিরিক্ত সচিব | ২০-০৩-২০০৫ | ৩১-১২-২০০৫ |
| ২ | মোঃ আব্দুল মতিন চৌধুরী | অতিরিক্ত সচিব | ২৪-০১-২০০৬ | ১৭-০৩-২০০৭ |
| ৩ | এ.কে.এম. আবদুল আউয়াল মজুমদার | অতিরিক্ত সচিব | ২১-০৩-২০০৭ | ৩০-০৫-২০০৭ |
| ৪ | কাজী আখতার উদ্দিন আহমেদ | যুগ্মসচিব | ৩১-০৫-২০০৭ | ৩১-০৫-২০০৯ |
| ৫ | কবীর উদ্দীন আহমেদ | যুগ্মসচিব | ০১-০৬-২০০৯ | ০৫-০৮-২০১০ |
| ৬ | মমতাজ আহমেদ .এন ডি সি | যুগ্মসচিব | ০৫-০৮-২০১০ | ১১-০৭-২০১২ |
| ৭ | আশীষ কুমার সরকার | অতিরিক্ত সচিব | ১১-০৭-২০১২ | ২৬-০৫-২০১৫ |
| ৮ | এ. এম.এম. আজহার | অতিরিক্ত সচিব | ২৬-০৫-২০১৫ | ৩০-০৯-২০১৮ |
| ৯ | নাসির উদ্দিন আহমেদ (ভারপ্রাপ্ত) | যুগ্মসচিব | ০১-১০-২০১৮ | ০৮-১০-২০১৮ |
| ১০ | ড. মোঃ মাহামুদ-উল-হক (অতিরিক্ত দায়িত্ব) | অতিরিক্ত সচিব | ০৯-১০-২০১৮ | ০২-১১-২০১৮ |
| ১১ | নাসির উদ্দিন আহমেদ (ভারপ্রাপ্ত) | যুগ্মসচিব | ০৩-১১-২০১৮ | ১৩-১১-২০১৮ |
| ১২ | এস এম আশফাক হুসেন | অতিরিক্ত সচিব | ১৪-১১-২০১৮ | ১৮-০২-২০২০ |
| ১৩ | মু:আ: আউয়াল হাওলাদার (ভারপ্রাপ্ত) | অতিরিক্ত সচিব | ১৮-০২-২০২০ | ২৬-০৭-২০২০ |
| ১৪ | মো: আকরাম হোসেন | অতিরিক্ত সচিব | ২৬-০৭-২০২০ | বর্তমান |



ভিশন:

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাই নিশ্চিতকরণ।

মিশন:

দেশব্যাপী স্বচ্ছ, দুর্নীতিমুক্ত ও কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান, শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ শেষে সম্মিলিত জাতীয় মেধা তালিকা হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ, শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে ই-রিকুইজিশন গ্রহণ এবং প্রাপ্ত শূন্যপদের বিপরীতে অনলাইনে আবেদনপত্র গ্রহণ করে নিবন্ধন সনদধারী প্রার্থীদের মধ্য হতে এন্ট্রি লেভেলে মেধারভিত্তিতে কম্পিউটারাইজড পদ্ধতিতে সেরা প্রার্থীকে শূন্যপদের বিপরীতে নির্বাচন করে যোগ্য ও মেধাবী শিক্ষক দ্বারা দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সাধন।

কর্তৃপক্ষের কার্যাবলি

- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক চাহিদা নিরূপণ;
- শিক্ষকতা পেশায় নিয়োগ প্রদানের যোগ্যতা নির্ধারণ;
- জাতীয়ভাবে শিক্ষকমান নির্ধারণ, যোগ্যতা নিরূপণ এবং এতদসম্বন্ধীয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নির্বাচনের সুবিধার্থে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান;
- শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়নপত্র প্রদানের জন্য প্রয়োজনীয় পরীক্ষা ও দ্বি-নকল সনদ প্রদান ইত্যাদি খাতে ফি আদায়;
- শিক্ষকতা পেশার উন্নয়ন এবং গুণগতমান বৃদ্ধির জন্য সরকারকে পরামর্শ দান;
- আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষাগত যোগ্যতার মান যাচাই ও শিক্ষাগত পেশায় অন্তর্ভুক্তি;
- এই আইন বলবৎ হবার পূর্বে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও.ভুক্ত বেসরকারি শিক্ষকদের পর্যায়ক্রমে একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে মান উন্নয়নের ব্যবস্থা নিশ্চিতকরণ;
- উপর্যুক্ত কার্যাবলি এবং এই আইনের অধীন অন্যান্য বিধানের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদন করা ;
- বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন; এবং
- সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

কর্তৃপক্ষের অতিরিক্ত দায়িত্ব

- শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/১২/২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক পরিপত্র এর মাধ্যমে এ কর্তৃপক্ষকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শূন্যপদে মেধার ভিত্তিতে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য প্রার্থী সুপারিশের দায়িত্ব প্রদান করা হয়।
- মাননীয় হাইকোর্ট ডিভিশনের একীভূত রায়ে আলোকে এনটিআরসিএ কর্তৃক গৃহীত বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ৬,৩৪,১২৭ জন নিবন্ধন সনদধারীদের সম্মিলিত জাতীয় মেধা তালিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়। বর্তমানে উপজেলা এবং জেলাভিত্তিক কোটা ব্যবস্থা বিলুপ্ত করে সম্মিলিত জাতীয় মেধা তালিকার ভিত্তিতে শূন্য পদ পূরণের সুপারিশকরণ কার্যক্রম চলমান রয়েছে।

কর্তৃপক্ষের অধিক্ষেত্র

দেশের সকল

- ✚ বেসরকারি নিম্ন মাধ্যমিক;
- ✚ মাধ্যমিক;
- ✚ মাধ্যমিক সংযুক্ত উচ্চ মাধ্যমিক;
- ✚ উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান;
- ✚ উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর সমপর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান;
- ✚ ভোকেশনাল;
- ✚ টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান;
- ✚ দাখিল, আলিম, ফাজিল, কামিল ও সংযুক্ত এবতেদায়ী
- ✚ দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদরাসাসমূহ এবং
- ✚ সময়ে সময়ে সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত।

নির্বাহী বোর্ড

| | | | |
|-----|--|---|-------------|
| ক. | চেয়ারম্যান, এনটিআরসিএ (পদাধিকার বলে) | - | চেয়ারম্যান |
| খ. | সদস্য (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ (পদাধিকার বলে) | - | সদস্য |
| গ. | সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ (পদাধিকার বলে) | - | সদস্য |
| ঘ. | সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ (পদাধিকার বলে) | - | সদস্য |
| ঙ. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পদাধিকার বলে) | - | সদস্য |
| চ. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পদাধিকার বলে) | - | সদস্য |
| *ছ. | মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর (পদাধিকার বলে) | - | সদস্য |
| জ. | চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড (পদাধিকার বলে) | - | সদস্য |
| ঝ. | শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পদের নীচে নয়) | - | সদস্য |
| ঞ. | অর্থ বিভাগের প্রতিনিধি (উপ-সচিব পদের নীচে নয়) | - | সদস্য |
| ট. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের একজন অধ্যাপক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ঠ. | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠানের একজন অধ্যাপক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) | - | সদস্য |

* শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে অন্তর্ভুক্ত।



উদ্দেশ্য



- শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগ প্রদান;
- বিধি দ্বারা নির্ধারিত প্রতিযোগিতামূলক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠান এবং উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নপত্র প্রদান;
- সম্মিলিত জাতীয় মেধা তালিকার ভিত্তিতে নিবন্ধিত ও প্রত্যয়নকৃত শিক্ষক-প্রার্থীগণের তালিকা/পুল প্রণয়ন ও সংরক্ষণ;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক পদে নিয়োগের জন্য মেধার ভিত্তিতে সুপারিশকরণ;
- এনটিআরসিএ আইন বলবৎ হওয়ার পূর্বে নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত বেসরকারি শিক্ষকদের পর্যায়ক্রমে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে তাঁদের মান উন্নয়ন ও নিবন্ধন প্রদান;
- শিক্ষক মান উন্নয়নের মাধ্যমে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মানসম্পন্ন ও যোগ্য শিক্ষক নিয়োগের লক্ষ্যে যথোপযুক্ত শিক্ষকমান (Teachers' Standard) নির্ধারণ; এবং
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে মেধার ভিত্তিতে সুপারিশ প্রদানের মাধ্যমে শিক্ষার গুণগত মানের সার্বিক উৎকর্ষ সাধনে কার্যকর ভূমিকা রাখা।

প্রাতিষ্ঠানিক কাঠামো ও বর্তমান জনবল:

| পদের নাম | পদের বিবরণ | বর্তমান জনবল |
|---------------------------------------|--|--|
| চেয়ারম্যান | সরকারের একজন অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পদমর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তা/বিশ্ববিদ্যালয় বা সরকারি কলেজের একজন প্রথিতযশা এবং প্রবীণ অধ্যাপক (প্রেষণে) | অতিরিক্ত সচিব ০১ (এক) জন প্রেষণে |
| সদস্য (প্রশাসন ও অর্থ) | সরকারের একজন যুগ্মসচিব (প্রেষণে) | অতিরিক্ত সচিব ০১ (এক) জন প্রেষণে |
| সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) | সরকারের একজন যুগ্মসচিব (প্রেষণে) | যুগ্মসচিব ০১ (এক) জন প্রেষণে |
| সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) | সরকারের একজন যুগ্মসচিব (প্রেষণে) | যুগ্মসচিব ০১ (এক) জন প্রেষণে |
| সচিব | সরাসরি নিয়োগ/সরকারের উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা (প্রেষণে) | উপসচিব ০১ (এক) জন প্রেষণে |
| পরিচালক | পদোন্নতির মাধ্যমে/সরকারের উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা (প্রেষণে) | উপসচিব ০১ (এক) জন প্রেষণে, উপসচিব ০১ (এক) জন প্রেষণে |
| সিস্টেম এনালিস্ট | ০১ (এক) জন (সরাসরি নিয়োগ) | শূন্য |
| উপপরিচালক | সহযোগী অধ্যাপক পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তা ০২ (দুই) জন (প্রেষণে), সহকারী পরিচালক থেকে পদোন্নতির মাধ্যমে ০২ (দুই) জন | ০১ (এক) জন অধ্যাপক, ০৩ (তিন) জন সহযোগী অধ্যাপকসহ মোট ০৪ (চার) জন প্রেষণে |
| সহকারী পরিচালক | ০৯ (নয়) জন (সরাসরি নিয়োগ) | ০৭ (সাত) জন, সহকারী অধ্যাপক ০২ (দুই) জন এবং অডিট এন্ড অ্যাকাউন্টস বিভাগের কর্মকর্তা ০১ (এক) জন মোট ০৩ (তিন) জন প্রেষণে, সরাসরি নিয়োগ ০৪ (চার) জন। একটি পদ সংরক্ষিত এবং একটি পদ শূন্য। |
| সহকারী প্রোগ্রামার | ০১ (এক) জন (সরাসরি নিয়োগ) | শূন্য |
| পি.এ | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০৪ (চার) জন | ০৪(চার) জন |
| কম্পিউটার অপারেটর | সরাসরি নিয়োগ ০৩ (তিন) জন | ০২ (দুই) জন |
| ডাটা এন্ট্রি অপারেটর | সরাসরি নিয়োগ ০৮ (আট) জন | ০৫ (পাঁচ) জন |
| হিসাবরক্ষক | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০১ (এক) জন | শূন্য |
| অডিটর | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০১ (এক) জন | ০১ (এক) জন |

প্রাতিষ্ঠানিক কাঠামো ও বর্তমান জনবল:

| পদের নাম | পদের বিবরণ | বর্তমান জনবল |
|---|------------------------------------|--|
| ক্যাশিয়ার | সরাসরি নিয়োগ ০১ (এক) জন | ০১ (এক) জন |
| অফিস সুপারিস্টেনডেন্ট | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০১ (এক) জন | শূন্য |
| অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | সরাসরি নিয়োগ ১৩ (তেরো) জন | ০৮ (আট) জন |
| স্টোর কিপার | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০১ (এক) জন | শূন্য |
| প্রকাশনা সহকারী | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০১ (এক) জন | ০১ (এক) জন |
| ইলেকট্রিশিয়ান | সরাসরি নিয়োগ ০১ (এক) জন | শূন্য |
| ফটোকপি মেশিন অপারেটর | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০১ (এক) জন | ০১ (এক) জন |
| রিসিপশনিষ্ট | সরাসরি নিয়োগ ০১ (এক) জন | ০১ (এক) জন |
| লাইব্রেরি সহকারী | সরাসরি নিয়োগ ০১ (এক) জন | শূন্য |
| ড্রাইভার | সরাসরি নিয়োগ ০৫ (পাঁচ) জন | ০৪ (চার) জন |
| ডেসপাচ রাইডার | পদোন্নতি/সরাসরি নিয়োগ ০২ (দুই) জন | ০২ (দুই) জন |
| অফিস সহায়ক | সরাসরি নিয়োগ ১৪ (চৌদ্দ) জন | ০৭ (সাত) জন |
| নিরাপত্তা গ্রহরী | চুক্তিভিত্তিক নিয়োগ ০৩ (তিন) জন | ০২ (দুই) জন |
| মালী | চুক্তিভিত্তিক নিয়োগ ০১ (এক) জন | ০১ (এক) জন |
| পরিচ্ছন্নতা কর্মী | চুক্তিভিত্তিক নিয়োগ ০২ (দুই) জন | ০২ (দুই) জন |
| মোট জনবল | ৮৭ (সাতাশি) জন | জনবল নিয়োজিত ৬১ (একষষ্টি) জন (ইহা ব্যতীত ০৩ (তিন) জন সহকারী পরিচালক পর্যায়ে কর্মকর্তা সংযুক্ত হিসেবে কর্মরত আছেন। গাড়িচালক হিসেবে ০৪ (চার) জন দৈনিক হাজিরা ভিত্তিক আছেন)। |

কর্তৃপক্ষ কর্তৃক ২০১৯ সালে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি:

➤ এনটিআরসিএ'র পরিচালিত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অন্তর্ভুক্ত ২০টি নতুন বিষয়ের সিলেবাস প্রণয়ন করা হয়েছে। বিষয়গুলো নিম্নরূপ:

১. ড্রইং এন্ড পেইন্টিং
২. প্রিন্ট মেকিং
৩. কমার্শিয়াল আর্ট ও কম্পিউটার প্রাফিক্স
৪. ওরিয়েন্টাল আর্ট
৫. সিরামিক
৬. স্কাল্পচার
৭. ক্রাফটস
৮. সভ্যতার ইতিহাস ও শিল্পকলার ইতিহাস
৯. চারু ও কারুকলা
১০. ইন্টারন্যাশনাল বিজনেস
১১. ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স
১২. প্রাণি চিকিৎসা ও উৎপাদন
১৩. মৎস্য
১৪. কৃষি প্রকৌশল
১৫. গণিত, পরিমিতি ও পরিসংখ্যান
১৬. আদব
১৭. ফিকহ
১৮. হাদীস
১৯. তাফসীর
২০. আইসিটি

এবং পূর্বের বিদ্যমান ৮২ টি বিষয়ের সিলেবাস হালনাগাদকরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

কর্তৃপক্ষ কর্তৃক ২০১৯ সালে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি:

- **বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ে ২০১৯ সালে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ সংক্রান্ত:**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৯ নভেম্বর ২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.১৪.০০৩.১৬-৪১১ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৫ মে ২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ সংখ্যক স্মারক মোতাবেক এবং এনটিআরসিএ কার্যালয়ের ২০ ডিসেম্বর ২০১৮ তারিখের বেশিনিক/প্রশা:/নিয়োগ/৮৭৩/২০১৮/৭৯২ সংখ্যক স্মারকমূলে গঠিত “বিভাগীয় নির্বাচন কমিটি” কর্তৃক সরকারের বিধি-বিধান ও সর্বশেষ কোটা বিভাজন পদ্ধতি অনুসরণপূর্বক ১৬ নভেম্বর ২০১৯ তারিখের বেশিনিক/প্রশা:/নিয়োগ/৮৭৩/২০১৮/১৪০০(ক) সংখ্যক স্মারকের সুপারিশের ভিত্তিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর রাজস্ব খাতে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০৫ জন, ক্যাশিয়ার পদে ০১ জন, রিসিপশনিস্ট পদে ০১ জন এবং ৪র্থ শ্রেণির অফিস সহায়ক পদে ০২ জন মোট ০৯(নয়)টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়।

- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ে ২০১৯ সালে পরীক্ষা সংশ্লিষ্ট কাজে ব্যবহারের জন্য ২৫৫টি ট্রাজ্ক ক্রয় করা হয়েছে।
- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর ওয়েবসাইটে বিভিন্ন সেবা প্রত্যাশীদের জন্য অভিযোগ প্রতিকার বক্স অন্তর্ভুক্ত করা হয়েছে।
- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ে ২০১৯ সালে বিভিন্ন মামলা সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| রীট মামলার সংখ্যা | কন্টেন্ট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | চলমান মামলার সংখ্যা |
|-------------------|------------------------|----------------------------|---------------------|
| ৭২ | ১৬ | - | ৮৮ |

- **বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ে ২০১৯ সালে ৩য় শ্রেণীর ০৩(তিন)টি শূন্য পদে নিয়োগদানের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদন/ছাড়পত্র প্রদান সংক্রান্ত:**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৬ অক্টোবর ২০১৯ তারিখে ৩৭.০০.০০০০.০৭৩.১৪.০০৩.১৬-৩৯৩ সংখ্যক স্মারকে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ের ৩য় শ্রেণীর অফিস সুপারিনটেনডেন্টের ০১টি শূন্য পদে, হিসাব রক্ষকের ০১টি শূন্য পদে এবং স্টোর কিপারের ০১টি শূন্য পদে নিয়োগদানের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদন/ছাড়পত্র প্রদান করা হয়।

- **বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে EFT-এর মাধ্যমে বেতন ভাতা প্রদান সংক্রান্ত:**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে বিগত নভেম্বর ২০১৮ সাল হতে EFT-এর মাধ্যমে বেতন ভাতা তাদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রদানের কাজ অব্যাহত আছে।

➤ **বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ে পরীক্ষা কার্যক্রমের বিভিন্ন স্তরে সম্মানি বৃদ্ধিকরণ:**

এনটিআরসিএ কার্যালয়ের ০১ অক্টোবর ২০১৯ তারিখের বেশিনিক/নি:বোর্ড সভা/৪০(অংশ-২)/২০০৬/৭৩১/২০১৭/১১১৭ সংখ্যক স্মারকে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর পরীক্ষা কার্যক্রমের বিভিন্ন স্তরে সম্মানি বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ অক্টোবর ২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬.৪০৩ সংখ্যক স্মারকে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে সম্মানি বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১২৭.৩৭.০০৩.১০-২৭০ সংখ্যক স্মারকে নিম্নরূপে সম্মানি বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেন:

| ক্রঃ নং | পারিতোষিক প্রদানযোগ্য কাজের বিবরণ | বিদ্যমান হার | অর্থ বিভাগের সম্মতি প্রাপ্ত সম্মানির হার |
|---------|---|-----------------------|--|
| ১. | প্রশ্নপত্র প্রণয়ন পূর্ণপত্র | ২০০০/- | ৩০০০/- |
| ২. | প্রশ্নপত্র প্রণয়ন আংশিক (২৫ নম্বর) | ১০০০/- | ১৫০০/- |
| ৩. | প্রশ্নপত্র পরিশোধন পূর্ণপত্র | ২০০০/- | ৩০০০/- |
| ৪. | প্রশ্নপত্র পরিশোধন আংশিক (২৫ নম্বর) | ১০০০/- | ১৫০০/- |
| ৫. | উত্তরপত্র মূল্যায়ন পূর্ণপত্র | ৪০/- | ৭৫/- |
| ৬. | প্রধান পরীক্ষক | ০৭/- | ১২/- |
| ৭. | নিরীক্ষক | ০৩/- | ০৬/- |
| ৮. | প্রতি সনদপত্র স্বাক্ষরের জন্য জন প্রতি সম্মানি | ০১/- | ০২/- |
| ৯. | সনদপত্র বিতরণের জন্য সম্মানি (সনদ প্রতি) | ০১/- | ০৩/- |
| ১০. | পরীক্ষা সংশ্লিষ্ট ভেন্যু ফি (প্রিলিমিনারি টেস্টের জন্য) | ৪০/- (প্রার্থী প্রতি) | ৫০/- (প্রার্থী প্রতি) |
| ১১. | পরীক্ষা সংশ্লিষ্ট ভেন্যু ফি (লিখিত পরীক্ষার জন্য) | ৪০/- (প্রার্থী প্রতি) | ৫০/- (প্রার্থী প্রতি) |
| ১২. | নির্বাহী বোর্ড সদস্যদের সম্মানি | ২০০০/- | ৩০০০/- |
| ১৩. | মৌখিক পরীক্ষার বোর্ড সদস্যদের সম্মানি | ২০০০/- | ৩০০০/- |
| ১৪. | মৌখিক পরীক্ষার বোর্ড সহায়ক কর্মচারীর সম্মানি | ৩০০/- | ৫০০/- |

কর্মরত কর্মকর্তা :

সদস্য ০১ জন

সচিব ০১ জন

উপপরিচালক ০১ জন

সহকারী পরিচালক ০৫ জন

প্রশাসন ও অর্থ অনুবিভাগের কাজ:

- প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব;
- কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী পিপিআর ২০০৮ অনুসারে ক্রয় সংক্রান্ত বিষয়;
- কর্মকর্তা-কর্মচারীদের সংস্থাপন সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন;
- এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারীদের **Skill Development** এর লক্ষ্যে প্রশিক্ষণ ব্যবস্থাপনা
- সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত দায়িত্ব পালন;
- নির্বাহী বোর্ড সভা, সমন্বয় সভা ও অন্যান্য সভা সম্পর্কিত দায়িত্ব পালন;
- সরকার কর্তৃক নির্দেশিত বিভিন্ন দিবস উপযাপন।

কর্মরত কর্মকর্তা :

সদস্য ০১ জন

পরিচালক ০১ জন

উপপরিচালক ০২ জন

সহকারী পরিচালক ০২ জন

শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগের কাজ:

- শিক্ষক নিবন্ধন পরীক্ষায় পাঠ্যসূচির প্রয়োজনীয় পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ পরিবর্ধন ও নতুন পাঠ্যসূচি প্রণয়ন (যদি প্রয়োজন হয়) ব্যবস্থা গ্রহণ;
- কর্তৃপক্ষের আইন ও পরীক্ষা বিধিমালা সংশোধন/ পরিবর্তন/সংযোজন এর প্রয়োজন হলে ব্যবস্থা গ্রহণ।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগে সুপারিশকরণ;
- নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে আইনগত/ বিধিগত জটিলতা দেখা দিলে সে বিষয়ে মতামত প্রদান;
- সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত দায়িত্ব পালন।

কর্মরত কর্মকর্তা :

সদস্য ০১ জন

পরিচালক ০১ জন


উপপরিচালক ০১ জন

সহকারী পরিচালক ০৩ জন


পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের কাজ:

- বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন, পরীক্ষা বিজ্ঞপ্তি প্রদান, অনলাইনে দরখাস্ত গ্রহণ এবং কর্মপরিকল্পনা অনুযায়ী পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন;
- পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নে **Question Setter** ও **Moderator** নিয়োগের ব্যবস্থাকরণ এবং সরকারি নিরাপত্তা মুদ্রণালয় থেকে প্রশ্নপত্র মুদ্রণের ব্যবস্থাকরণ;
- ট্রাংক বিবরণী অনুযায়ী প্রশ্নপত্র ভেন্যুওয়ারী ট্রাংক জাতকরণ ও কেন্দ্রে প্রেরণে ব্যবস্থা গ্রহণ;
- পরীক্ষার কাজে প্রয়োজনীয় সকল প্রকার সামগ্রী (এমসিকিউ ফরম, উত্তরপত্র, কাগজপত্র, মনোহারী দ্রব্য ইত্যাদি) চাহিদা যথাসময়ে প্রশাসন শাখাকে অবহিতকরণ;
- উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;
- সার্টিফিকেট মুদ্রণের ব্যবস্থা গ্রহণ;
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কাজ;
- সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত দায়িত্ব পালন।

২য় নিয়োগ চক্রে শিক্ষক সুপারিশকরণের তথ্য:



২০১৬ সালে মামলার কারণে স্থগিত সহকারী শিক্ষক (কম্পিউটার) এর পদে সুপারিশকরণের তথ্য:



ওএমআর স্ক্যানিং



স্বাক্ষরলিপি মুদ্রণের কাজ



বিভিন্ন দিবস উদযাপন



অফিস ব্যবস্থাপনা ও পেশাগত দক্ষতা উন্নয়ন

অভ্যন্তরীণ প্রশিক্ষণ - ২০১৯

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক আয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধিকল্পে ০২(দুই) দিন ব্যাপী “অফিস ব্যবস্থাপনা ও পেশাগত দক্ষতা উন্নয়ন” বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২০১৯ বিগত ২৯-৩০ মে, ২০১৯ তারিখ এনটিআরসিএ’র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।



শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ পদ্ধতি পর্যালোচনা ও উন্নীতকরণ শীর্ষক কর্মশালা



শিক্ষক নিবন্ধন পরীক্ষার ট্র্যাংকজাতকরণ, উত্তরপত্র গ্রহণ, বিতরণসহ অন্যান্য পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ





২০১৮-২০১৯ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান


শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র অনুযায়ী এনটিআরসিএ কার্যালয়ের ৩০ জুন ২০১৯ তারিখের বেশিনিক/প্রশা:/শুদ্ধা:/৪২৬(অংশ-২)/২০১৯/৭০০(ক) সংখ্যক স্মারকে ২০১৮-২০১৯ অর্থ বছরে ০১(এক) জন কর্মকর্তা হিসেবে সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ ওয়াসিউজ্জামান ও ০১(এক) জন কর্মচারী ডাটা এন্ট্রি অপারেটর জনাব ফিরোজা আক্তারকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয় এবং শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়।




এনটিআরসিএ কর্তৃক গৃহীত বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষাসমূহের ফলাফল:

| পরীক্ষা | কেন্দ্র সংখ্যা | বিষয় | মোট আবেদনকারী | মোট অংশগ্রহণকারী | অংশগ্রহণের হার | উত্তীর্ণ | উত্তীর্ণের হার | সনদ বিতরণ কার্যালয় |
|--|----------------|-------|---------------|------------------|----------------|----------|----------------|---------------------------|
| ১ম পরীক্ষা নভেম্বর, ২০০৫ | ৬ | ২৩ | ৭৬,১৮৫ | ৫৯,০০০ | ৭৭.৫০% | ৩৩,৭৮৮ | ৫৭.২৭% | শিক্ষা বোর্ডের মাধ্যমে |
| ২য় পরীক্ষা সেপ্টেম্বর, ২০০৬ | ৬ | ১১২ | ১৩১,৭৫৯ | ৯৯,৮০৭ | ৭৫.৭৫% | ২২,৩৮১ | ২২.৩৬% | এনটিআরসিএ কার্যালয়, ঢাকা |
| ৩য় পরীক্ষা সেপ্টেম্বর, ২০০৭ | ২৪ | ১১৯ | ১১৩,৯৭৫ | ৮৩,৮৯৯ | ৭৩.৬১% | ১৬,০২০ | ১৯.০৯% | জেলা শিক্ষা অফিস |
| ৪র্থ পরীক্ষা ডিসেম্বর, ২০০৮ | ২০ | ৭৮ | ১২৭,০৭৪ | ৯৬,০২৭ | ৭৫.৫৮% | ৩১,০৯৩ | ৩২.৩৮% | জেলা শিক্ষা অফিস |
| ৫ম পরীক্ষা ডিসেম্বর, ২০০৯ | ২০ | ৭১ | ১৪১,০৮২ | ১০২,৩৪৮ | ৭৬.৬০% | ৩৯,২২৫ | ৩৮.৩৩% | জেলা শিক্ষা অফিস |
| বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১০ | ৭ | ৪ | ৭,৭৬৪ | ৬,৯৩৬ | ৮৯.৩৪% | ১,৩৯৫ | ২০.১১% | এনটিআরসিএ কার্যালয়, ঢাকা |
| ৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১০ | ২০ | ৭৮ | ২৮৩,৩১৪ | ২২০,৫১৭ | ৭৭.৮৩% | ৪২,৬৪১ | ১৯.৩৪% | জেলা শিক্ষা অফিস |
| ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১১ | ২০ | ৮০ | ৩২১,৩০১ | ২৫৯,১১৪ | ৮০.৬৪% | ৫৭,২০৩ | ২২.৪৪% | জেলা শিক্ষা অফিস |
| ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১২ | ২০ | ৮০ | ৩১৩,১৪৫ | ২৪৮,০০১ | ৭৯.২০% | ৫৬,০৪৬ | ২২.৫৯% | জেলা শিক্ষা অফিস |
| ৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৩ | ২০ | ৮০ | ৩১৪,৮৮৭ | ২৪২,৪৫১ | ৭৬.৯৯% | ৭৫,৮৯৮ | ৩১.৩০% | জেলা শিক্ষা অফিস |
| ১০ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৪ | ২০ | ৮০ | ৪৪১,৯৭৯ | ৩৫৬,৯৬২ | ৮০.৭৬% | ১১৩,২৯৭ | ৩১.৭৪% | জেলা শিক্ষা অফিস |
| ১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৪ | ২০ | ৮২ | ৪৪১,০৭৭ | ৩৫৭,৪৭২ | ৮১.০৪% | ৫১,৪০৫ | ১৪.৩৮% | জেলা শিক্ষা অফিস |
| ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৫ (প্রিলিমিনারি) | ২০ | ৪ | ৫৩২,৫২২ | ৪৮০,৬৭০ | ৯০.২৬% | ৭৫,৯৮৯ | ১৫.৮১% | প্রযোজ্য নয় |
| ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৫ (লিখিত) | ৭ | ৮২ | ৬৯,৪৮৫ | ৬০,৮২৯ | ৮৭.৬১% | ৪৭,০৩৯ | ৭৭.৩৩% | জেলা শিক্ষা অফিস |
| ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ (প্রিলিমিনারি) | ২০ | ৪ | ৬০২,০৩৩ | ৫২৭,৭৫৭ | ৮৭.৬৬% | ১৪৭,২৬২ | ২৭.৯০% | প্রযোজ্য নয় |
| ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ (লিখিত) | ৮ | ৭৭ | ১৪৭,২৬২ | ১২৭,৬৬৪ | ৮৬.৬৯% | ১৮,৯৭৩ | ১৪.৮৩% | প্রযোজ্য নয় |
| ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ (মৌখিক) | - | ৭৭ | ১৮,৯৭৩ | ১৮,০০৯ | ৯৪.৯২% | ১৭,২৫৪ | ৯৫.৮১% | জেলা শিক্ষা অফিস |
| ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৭ (প্রিলিমিনারি) | ২০ | ৪ | ৯২৩,৫৫৪ | ৮০৬,৬৫০ | ৮৭.৩৪% | ২০৯,৮৭৫ | ২৬.০২% | প্রযোজ্য নয় |
| ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৭ (লিখিত) | ৮ | ৮১ | ২০৯,৮৭৫ | ১৬৬,৩২১ | ৭৯.২৫% | ১৯,৮৬৩ | ১১.৯৪% | প্রযোজ্য নয় |
| ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৭ (মৌখিক) | - | ৮১ | ১৯,৮৬৩ | ১৮,৭০৯ | ৯৪.১৯% | ১৮,৩১২ | ৯৭.৮৮% | জেলা শিক্ষা অফিস |
| ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ (প্রিলিমিনারি) | ২০ | ৪ | ৮৭৬,০৩৩ | ৭৪০,৪১৬ | ৮৪.৫২% | ১৫২,০০০ | ২০.৫২% | প্রযোজ্য নয় |
| ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ (লিখিত) | ৮ | ৮২ | ১৫২,০০০ | ১২১,৬৬০ | ৮০% | ১৩,৩৪৫ | ১০.৯৬% | প্রযোজ্য নয় |
| ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ (মৌখিক) | - | ৮২ | ১৩,৩৪৫ | | | | | |
| ১৬তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৯ (প্রিলিমিনারি) | ২৪ | ৪ | ১,১৭৬,১৯৬ | ৯৫৯,৭২৭ | ৮১.৫৯% | ২২৮,৭০০ | ২৩.৮৩% | প্রযোজ্য নয় |
| ১৬তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৯ (লিখিত) | ৮ | ১০৩ | ২২৮,৭০০ | ১৫৪,৭৭২ | | | | প্রযোজ্য নয় |

সনদ যাচাই, ডুপ্লিকেট সনদ
এবং সনদ সংশোধনের সংখ্যা



১৫ তম ও ১৬ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় মোট আবেদনকারী ও মোট অংশগ্রহণকারীর সংখ্যা



শিক্ষক নিবন্ধন পরীক্ষার কেন্দ্র পরিদর্শন





বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের বুনিয়েদি প্রশিক্ষণের অংশ হিসেবে এনটিআরসিএ কার্যালয়ে দিনব্যাপী কর্মসূচি:



টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সাথে মতবিনিময় সভা



এনটিআরসিএ র কর্মকর্তাদের বৈদেশিক শিক্ষা সফরা প্রশিক্ষণের খন্ডচিত্র



এনটিআরসিএ র কর্মকর্তাদের বৈদেশিক শিক্ষা সফর প্রশিক্ষণের খন্ডচিত্র



সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় সাধারণ শিক্ষা খারার ৬০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ভোকেশনাল কোর্স চালুর লক্ষ্যে ট্রেড ইন্সট্রাক্টর পদে শিক্ষক নিয়োগের জন্য শূন্য পদের তালিকা বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)-কে প্রদান:




ডিজিটাল বাংলাদেশ দিবস- ২০১৯ উদযাপন:


বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস- ২০১৯ উদযাপনের লক্ষ্যে এক বর্ণাঢ্য র্যালীর আয়োজন করে।




বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের ২০১৭ হতে ২০১৯ সাল পর্যন্ত আয়ের হিসাব বিবরণী




বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের ২০১৭ হতে ২০১৯ সাল পর্যন্ত ব্যয়ের হিসাব বিবরণী



নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের তুলনামূলক বিবরণী



বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সুপারিশকরণের তথ্য:



কর্তৃপক্ষের ভবিষ্যৎ পরিকল্পনা:

- এনটিআরসিএ'র স্থায়ী অফিস স্থাপন;
- বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত ২০১৫) অনুযায়ী অন্তত ০১টি শিক্ষক নিবন্ধন পরীক্ষার আয়োজন করা;
- ৩য় নিয়োগ চক্রের মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক সুপারিশকরণ;
- এ কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীগণের পদ সংরক্ষণ, স্থায়ীকরণ, শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ ও প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন পদ সৃষ্টির ব্যবস্থাকরণ;
- যথাযোগ্য মর্যাদায় মুজিব বর্ষ উদযাপন;
- এনটিআরসিএ'র কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট পক্ষের সাথে মত বিনিময় সভা, সেমিনার এবং গণশুনানির আয়োজন;
- প্রয়োজন অনুসারে শিক্ষক নিবন্ধন পরীক্ষার সিলেবাস হালনাগাদকরণ;
- এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে এবং বিদেশে উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- এনটিআরসিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন, যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণ;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সাফল্যের সাথে সম্পাদন।

উপসংহার:

এনটিআরসিএ প্রতিষ্ঠার পর প্রথমদিকে সাংগঠনিক ও অভিজ্ঞতার সীমাবদ্ধতার কারণে পরীক্ষাসমূহের বেশীর ভাগ অংশ আউটসোর্সিং পদ্ধতিতে করা হতো। ইতোমধ্যে আমাদের কারিগরি ও পেশাগত দক্ষতার ব্যাপক উন্নত হওয়ায় এনটিআরসিএ নিজস্ব জনবলের মাধ্যমে পুরো পরীক্ষা গ্রহণ ও নিয়োগ চক্র দক্ষতার সাথে পরিচালনার করে আসছে। আমাদের গ্রাহকদের সকল সেবা, এমনকি আবেদন গ্রহণ ও ফলাফল প্রকাশ সবই কম্পিউটারাইজড পদ্ধতিতে স্বচ্ছ সম্পূর্ণ দুর্নীতিমুক্তভাবে সম্পন্ন করা হয়। ২০০৫ হতে শুরু করে এ পর্যন্ত আমাদের কোন পরীক্ষায় প্রশ্ন ফাঁস বা অন্য কোন কারণে পরীক্ষা গ্রহণ পদ্ধতিকে প্রশ্নবিদ্ধ করা হয়নি। যা আমাদের পেশাগত উৎকর্ষতার প্রমাণ বহন করে। এনটিআরসিএ'র বিরুদ্ধে এ পর্যন্ত মোট ৩০০টি মামলা হয়েছে কিন্তু এর প্রায় সবকয়টিই সরকারি নীতিমালা চ্যালেঞ্জ করে করা হয়েছে; এনটিআরসিএ'র কোন অনিয়ম, স্বজনপ্রীতি বা দুর্নীতির কারণে হয়নি। এনটিআরসিএ তাই এখন কালক্রমে পরীক্ষিত ও কাজের মাধ্যমে স্বনামধন্য প্রতিষ্ঠানে রূপ লাভ করেছে। আমরা আমাদের এ অর্জনকে ধরে রাখতে বদ্ধপরিকর এবং আমাদের সকল গ্রাহকদের দোয়া ও সহযোগিতা প্রার্থী। সকলের সহযোগিতা পেলে অদূর ভবিষ্যত এনটিআরসিএর দেশের সর্বাপেক্ষা দক্ষ ও গ্রাহক বান্ধব প্রতিষ্ঠানে পরিণত হবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।